গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

স্মারক নং ২৬.১২.০০০০.১০৪.১১.০০৬.২৩- ৫৭৮

তারিখ: ১৬-১০-২০২৩ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৬ষ্ঠ, ৯ম, ১৪তম ও ১৬তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (http://ccb.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) আবেদন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়স সীমা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | প্রোগ্রামার<br>গ্রেড-৬<br>বেতন স্কেল-৩৫,৫০০-৬৭,০১০ | ০১ (এক) টি | ৩৫ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) স্ট্যান্ডার্ড এপটিচুড টেস্ট ফর প্রোগ্রামিং এ উত্তীর্ণ; এবং<br>(ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ২। | সহকারী পরিচালক<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২,০০০-৫৩,০৬০ | ০৩ (তিন) টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, আইন বা বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে-<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(আ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ৩। | সহকারী পরিচালক (গবেষণা)<br>গ্রেড-৯<br>বেতন স্কেল-২২,০০০-৫৩,০৬০ | ০১ (এক) টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, আইন, পরিসংখ্যান বা বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে-<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(আ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ৪। | ব্যক্তিগত সহকারী<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল-১০,২০০-২৪,৬৮০ | ৫ (পাঁচ) টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ (পঁচিশ) শব্দ এবং ইংরেজিতে ৩০ (ত্রিশ) শব্দের গতি; এবং<br>(গ) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | রাজবাড়ী, ময়মনসিংহ, জামালপুর, কুষ্টিয়া, সাতক্ষীরা, কুমিল্লা, নোয়াখালী, নাটোর, কুড়িগ্রাম জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |

Rhmakkar

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়স সীমা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৫। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ বেতন স্কেল- ৯,৩০০-২২,৪৯০ | ০৩ (তিন) টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। | তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। ১৯-১১-২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমাঃ

(ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর (প্রোগ্রামার পদ ব্যতীত)।

(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য (প্রোগ্রামার পদ ব্যতীত)।

(গ) বয়স প্রমাণের জন্য কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূণ্য পদ পূরণে **বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯** অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি, সংবিধিবদ্ধ সংস্থা ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ পূর্বক আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি-বিধান ও কোটা অনুসরণ করা হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয় পত্রের মূলকপিসহ সকল যোগ্যতার সনদপত্রের, বিশেষ কোটা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ সকল ডকুমেন্টের এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৬। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

৭। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৮। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী http://ccb.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

অ) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৯-১০-২০২৩ সকাল ১০.০০ টা।**

আ) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৯-১১-২০২৩ বিকাল ৫.০০ টা পর্যন্ত।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণকে Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে টেলিটক প্রিপেইড মোবাইল ফোন নম্বরের মাধ্যমে এসএমএস করে আবেদন ফি জমা দিতে হবে।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সত্যতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি (সম্ভব হলে রঙিন) প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও আবেদন ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৩ নং ক্রমিকের জন্য ৬৬৯/- (ছয়শত উনসত্তর) টাকা এবং ৪-৫ ক্রমিকের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: CCB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CCB ABCDEF

Reply: Applicant's Name, Tk 669/223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CCB<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: CCB<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CCB YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for CCB Application for Post User ID is (ABCDEF) and Password (12345678).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ccb.teletalk.com.bd অথবা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের www.ccb.gov.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল

Rumakbir.

ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক (সম্ভব হলে রঙিন) Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

অ) User ID জানা থাকলে CCB<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CCB HELP USER ABCDEF

আ) PIN Number জানা থাকলে: CCB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: CCB HELP PIN 12345678

ঝ. Online-এ আবেদন সংক্রান্ত কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৯। ক্রমিক নং-০১ এ বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ক্রমিক নং-০২ ও ০৩ এ বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে প্রিলিমিনারি (প্রযোজ্য ক্ষেত্রে), লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ক্রমিক নং-০৪ ও ০৫ এ বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে প্রিলিমিনারি (প্রযোজ্য ক্ষেত্রে), লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

১০। আবেদনকারী প্রার্থীদের মধ্যে প্রিলিমিনারি পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীদের লিখিত ও ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হবে। পরবর্তীতে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে কমিশনের ওয়েবসাইট ও টেলিটকের এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

১১। নিয়োগ পরীক্ষার সিলেবাস ও মানবণ্টন পরবর্তীতে কমিশনের ওয়েবসাইট ও টেলিটকের এসএমএস-এর মাধ্যমে অবহিত করা হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল পদের প্রিলিমিনারি পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) একই তারিখে একই সময়ে অনুষ্ঠিত হতে পারে।

১৩। প্রিলিমিনারি, লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১৪। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬/১০/২৩
(র.হ.ম. আলাওল কবির)
সচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন